

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬৪৮

আগরতলা, ১১ জানুয়ারি, ২০১৯

যিনি দেশ তথা জাতির নেতৃত্ব দেবেন তাঁকে জাতীয়তাবোধের
ভাবধারায় উদ্বুদ্ধ হতে হবে : রাজ্যপাল

আমরা আমাদের অভিষ্ট লক্ষ্যে যদি পৌছতে চাই তবে কঠোর পরিশ্রম করতে হবে। একই সঙ্গে নিজ নিজ রীতি-নীতি, সাংস্কৃতিক ঐতিহ্যকে সম্মান দিতে হবে। তবেই নেতৃত্ব দেবার জন্য নিজেকে তৈরী করা যাবে। আজ ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের মহারাজা বীরবিক্রম মানিক্য অডিটোরিয়ামে আয়োজিত তিনদিন ব্যাপী ভারতীয় যুব সংসদের উত্তর পূর্বাঞ্চল অধিবেশনের উদ্বোধন করে রাজ্যপাল অধ্যাপক কাপ্তান সিং সোলাঙ্কি একথা বলেন। তিনি বলেন, যিনি দেশ তথা জাতির নেতৃত্ব দেবেন তাঁকে জাতীয়তাবোধের ভাবধারায় উদ্বুদ্ধ হতে হবে। তিনি সাম্প্রদায়িক, আঞ্চলিকতাবাদের চিন্তাধারা নিয়ে চললে সমাজকে সঠিক পথে নিয়ে যেতে পারবেননা। রাজ্যপাল সংবিধান প্রনেতাদের বিশেষ করে ড. বি আর আম্বেদকরের ভূয়সী প্রশংসা করে বলেন, তারা অনেক বড় মনের মানুষ ছিলেন। তারা সঠিক পথ দেখিয়েছিলেন বলেই ভারতে আজ গণতান্ত্রিক ব্যবস্থা সুরক্ষিত। যিনি সমাজকে নেতৃত্ব দেবেন তার সামাজিক দায়বদ্ধতার কথা স্মরণ করিয়ে দিয়ে রাজ্যপাল বলেন, অনেক বড় দায়িত্ব তাকে নিতে হবে। তাই শৃঙ্খলাবদ্ধ হবার পাশাপাশি তাকে সবার সুখ-দুঃখের সাথী হতে হবে। সমাজ গঠনে যুব শক্তির ভূমিকার কথা উল্লেখ করে রাজ্যপাল বলেন, জাতির জনক মহাত্মা গান্ধী বলেছিলেন ভারতের ভবিষ্যৎ দেখতে চাইলে আপনাকে স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ের শ্রেণীকক্ষে যেতে হবে। সেখানেই ভারতের ভবিষ্যৎকে দেখা যাবে।

স্বাগত ভাষণে ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. ভি এল ধারুরকর জানান, উত্তর পূর্বাঞ্চলের সব কয়টি রাজ্যের যুব সম্প্রদায়ের প্রতিনিধি এই অনুষ্ঠানে অংশ নিয়েছেন। অনুষ্ঠানে এছাড়াও মিডিয়া ফাউন্ডেশনের আহ্বায়ক আশুতোষ যোশী, ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিষ্টার সানিত দেবরায় প্রমুখ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।
